# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org**


***Ref:*** ***Date:*** *৩০ নভেম্বর ২০১২*

## প্রেস বিজ্ঞপ্তি

## বকুল চাকমাসহ ইউপিডিএফের ৬ নেতা জামিনে মুক্ত

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) চট্টগ্রাম মহানগর ইউনিটের সংগঠক বকুল চাকমাসহ ইউপিডিএফ-ভুক্ত গণতান্ত্রিক যুব ফোরামের ৬ নেতা জামিন লাভের পর আজ ৩০ নভেম্বর ২০১২, শুক্রবার জেল থেকে মুক্তি পেয়েছেন। মুক্তিপ্রাপ্ত অন্যান্যরা হলেন যুব ফোরামের কেন্দ্রীয় কমিটির সহসাধারণ সম্পাদক সুপ্রীম চাকমা, বন্দর থানা শাখার সভাপতি বিজয় চাকমা, সদস্য সুমন চাকমা, অতীশ চাকমা ও পিসিপি সদস্য জোনাথন চাকমা।

গত ২৮ নভেম্বর বুধবার চট্টগ্রামের বিজ্ঞ জজ আদালত তাদের সবার জামিন আবেদন মঞ্জুর করলে আজ শুক্রবার সকালে তারা জেল থেকে ছাড়া পান।

উল্লেখ্য, গত বছর ১৪ অক্টোবর সুপ্রীম চাকমা ছাড়া বাকি পাঁচ জনকে গ্রেফতার করে ইতিপূর্বে পটিয়ায় রহস্যজনকভাবে নিহত জেএসএস সন্তু গ্রুপের সদস্য শুক্র চাকমা হত্যা মামলায় তাদেরকে ষড়যন্ত্রমূলকভাবে জড়ানো হয়। তাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা নম্বর হলো ১৭/১০/২০১১, ধারা ৩০২, ২০১ (৩৪) দ:বি:। গত ১৬ ফেব্রুয়ারী আদালত তাদের জামিন আবেদন মঞ্জুর করলেও, ১৭ সেপ্টেম্বর পটিয়ায় হাজিরা দিতে গেলে তাদের পাঁচ জনকে পুনরায় আটক করা হয়।

অপরদিকে ডিওয়াইএফ নেতা সুপ্রীম চাকমা গত ১১ সেপ্টেম্বর চট্টগ্রাম বন্দর থানায় সহকর্মীদের ছাড়িয়ে আনতে গেলে পুলিশ তাকে গ্রেফতার করে চক্রান্তমূলকভাবে উক্ত শুক্র চাকমা হত্যা মামলায় জড়িয়ে দেয়। ইতিপূর্বে তাকে গত ১৬ জুলাই ২০১১ চট্টগ্রাম মহানগরের বটতলী রেল স্টেশন থেকে পোস্টার লাগানোর সময় ফৌজদারী কার্যবিধির ৫৪ ধারায় গ্রেফতার করা হয়েছিল। অবশ্য এর কয়েক দিন পর ১৯ জুলাই আদালতের নির্দেশে তাকে জেল থেকে ছেড়ে দেয়া হয়।

গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি নতুন কুমার চাকমা তাদের জামিনে মুক্তিলাভকে স্বাগত জানিয়ে অবিলম্বে তাদের বিরুদ্ধে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি করেছেন।

বার্তা প্রেরক

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ